

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

গোপনীয়

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩২(শৃঙ্খলা)/(২০১৭-১৮)/২০১৮-২০১৯/

তারিখঃ ২৩.০৬.২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ হাতেম তালুকদার, উর্ধ্বতন কর্মকর্তা(অবসরপ্রাপ্ত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর ইতোপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, পুরাপাড়া বাজার শাখায় কর্মকর্তা(ক্যাশ) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলাসম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দূর্নীতি ও আত্মসাৎ/প্রতারনামূলক অপরাধের জন্য ০১/১৭-১৮ নং বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ১১-০২-২০১৮ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩২/২০১৭-২০১৮-২০১৯/২৯৫২ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন ;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ হাতেম তালুকদার আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করা হইবেনা-এই মর্মে অত্র বিভাগের ২৭-০১-২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩২(২০১৭-২০১৮)/২০১৮-১৯/২৩৩৩ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল ;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ হাতেম তালুকদার অত্র বিভাগের ২৭-০১-২০১৯ খ্রিঃ তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ হাতেম তালুকদার আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দূর্নীতি ও আত্মসাৎ/প্রতারনামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষেপে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে ৩৬,৭৯,০০০/- (ছত্রিশ লক্ষ উনআশি হাজার) টাকা আপনি জনাব মোঃ হাতেম তালুকদার আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হতে (আনুতোষিক ও ছুটি নগদায়ন) এককালীন কর্তন করিয়া বিকেবি, পুরাপাড়া বাজার শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ হাতেম তালুকদার (এইচ-৫১০)  
উর্ধ্বতন কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর।

স্বাক্ষরিত  
(লুৎফুন নাহার নাজ)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩২(শৃঙ্খলা)/(২০১৭-১৮)/২০১৮-২০১৯/  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, পরিধারন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(পেনশন)/কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায় মোতাবেক জনাব মোঃ হাতেম তালুকদার, উর্ধ্বতন কর্মকর্তা (অবসরপ্রাপ্ত) এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৩৬,৭৯,০০০/- ( ছত্রিশ লক্ষ উনআশি হাজার) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, পুরাপাড়া বাজার শাখা, ফরিদপুর এর আয় খাতে জমা করিবার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল ।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ হাতেম তালুকদার এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, পুরাপাড়া বাজার শাখা, ফরিদপুর।
- ১২। নথি/ মহানথি / মূলনথি।

২৬/০৬/২০১৯  
(মোঃ আব্দুর রউফ)  
সহকারী মহাব্যবস্থাপক